



**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours Part-III Examination, 2016

বাংলা - সাম্মানিক

ষষ্ঠ পত্র

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ১০০

প্রাণ্ডিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণ সংখ্যা নির্দেশ করে।  
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবেন।  
প্রশ্নে একাধিক অংশ থাকিলে প্রত্যেক অংশ আলাদা অনুচ্ছেদে লিখিতে হইবে।

- ১। ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে ‘পুতুল’ এবং পুতুল নাচের বাজিকর’-এর ২.৫ + ২.৫  
স্বরূপ বুঝিয়ে লেখো। প্রসঙ্গত, উপন্যাসের নামকরণটি কীভাবে বহুমাত্রিক + ১০  
জটিলতার অভিজ্ঞান হ’য়ে উঠেছে, সে সম্পর্কে আলোকপাত করো।  
অথবা  
‘পুতুল নাচের ইতিকথা’-য় ‘স্বভাব’-কুসুম-এর সামাজিক রূপান্তরে ১৫  
উপন্যাসিকের ছকহীন জীবন-ভাবনারই প্রতিফলন ঘটেছে। -মন্তব্যটির  
যথার্থতা নির্দেশ করো।
- ২। “ফ্লাশব্যাক পদ্ধতির প্রয়োগে, উপসংহার অংশের সংযোজনায় ও ১৫  
এপিসোডধর্মী নার্মাণ কৌশলে ‘অরণ্যের অধিকার’ উপন্যাসটি হ’য়ে উঠেছে  
ভিন্ন স্বাদের, ভিন্ন গোটের”।-আলোচনা করো।  
অথবা  
“সময়ের আগে’ এবং ‘সময়’ দুই-ই বীরসাকে সৃষ্টি করেছে”। - ইতিহাসের ১৫  
মিথ ও বীর যোদ্ধা বীরসা সম্পর্কে সমালোচকের এই অভিমতের গুরুত্ব নির্ণয়  
করো।



- ৩। ‘অতিথি’ ছোট গল্পের নামকরণটি কতখানি ব্যঞ্জনাধর্মী হয়েছে-তা’ বিশ্লেষণ করে দেখাও। ১৫
- অথবা  
‘হালদার গোষ্ঠী’ গল্পের বনোয়ারী চরিত্রটি সমকালীন যুগভাবনার প্রতিভূ-মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫
- ৪। ‘মহানগর’ রতনের অন্বেষণ ও খুঁজে পাওয়ার গল্প। -আলোচনা করো। ১৫
- অথবা  
আর্থ-সামাজিক পরিকাঠামোগত অবস্থান কীভাবে বালক চরিত্রকেও নিয়ন্ত্রণ করে তার শিল্প সুন্দর পরিচয় ‘চোর’ গল্প। জ্যোতিরিন্দ্র নন্দীর গল্পটি অনুসরণে বিষয়টি পরিস্ফুট করো। ১৫
- ৫। ভারতবর্ষের জনমানস এবং রাজনৈতিক জগতের ধূর্ততার যে পরিচয় ‘চরণ দাস এম. এল. এ’ গল্পে ফুটে উঠেছে-তা’ এককথায় অনবদ্য। -এ বিষয়ে তোমার অভিমত জানাও। ১৫
- অথবা  
‘আদাব’ দাঙ্গার পটভূমিতে লেখা সাম্প্রদায়িক সম্প্রীতি ও মানবতাবোধের গল্প। -গল্পটি অনুসরণে বক্তব্যটি পরিস্ফুট করো। ১৫
- ৬।(ক) ‘বিন্দুরও পরিবর্তন হইয়াছিল’ এও পরিবর্তন।’-কে এ কথা বলেছে ? বিন্দুর কি পরিবর্তন হয়েছিল ? এখন কোন পরিবর্তনের কথা বলা হয়েছে ? ১+২+২
- অথবা  
‘মাটির টিলাটির উপরে উঠিয়া সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবারও শশীর আসিবে না।’-এ ধরনের মন্তব্যের নিহিত ব্যঞ্জনাটি সংক্ষেপে বুঝিয়ে লেখো। ৫
- (খ) ‘কিছুই ফুরোয় না পৃথিবীতে-মুন্ডারী দেশ-মাটি-পাথর-পাহাড়-বন-নদী-ঝতুর পর ঝতুর আগমন-সংগ্রামও ফুরোয় না, শেষ হতে পারে না। পরাজয়ে সংগ্রাম শেষ হয় না।’-প্রসঙ্গ উল্লেখ সহ উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫
- অথবা  
‘লিখছি, আর মাঝে মাঝে মাথা তুলে দেখছি। সামনে নদীর দিকে চেয়ে বসে আছে এক জরতী মুন্ডা মা।’ -কে লিখছেন ? ‘মুন্ডা মা’-এর পরিচয় সংক্ষেপে বিবৃত করে প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+২+২



- (গ) ‘তফাৎ যাও। সব বুট্ হায়,’- এই কথা কে বলেছিল ? কেন সব বুট্ হায় ?  
তার অবস্থা কী হয়েছিল ? ১+২+২
- অথবা  
‘আজন্ম তপস্বিনী নই আমরা। ভড়ং করতে করতে প্রাণ বেরিয়ে গেল  
মেয়েদের। দ্রৌপদী কুন্তীদের সেজে বসতে হয় সীতা সাবিত্রী।’ - বক্তব্যটি  
কার? প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বুঝিয়ে দাও। ১+২+২
- (ঘ) ‘সবচেয়ে মজার কথা মা, সত্যি সত্যি যাকে অপমান করেছে সে হয়তো দিবি  
সিগারেট ফুঁকতে ফুঁকতে অফিসে হাজির হয়ে এতক্ষণে কাজও শুরু করে  
দিয়েছে। সে তো আর সেন্টিমেন্টাল বাঙালী মেয়ে নয়।’ -বক্তা কে ? প্রসঙ্গ  
উল্লেখ করে বক্তার এ ধরনের তির্যক মন্তব্যের কারণ নির্দেশ করো। ১+২+২
- অথবা  
‘শুধু তার দেহে মুখ ঘষতে ঘষতে স্কীর্নস্বরে বললেন, ‘ও প্রাণ, প্রাণ।’- কার  
উক্তি ? তাঁর এ ধরনের আচরণের কারণটি বুঝিয়ে লেখো। ১+৪
- (ঙ) ‘সার্কাসে দেখোনি ? একটা সরু তারের ওপর দিয়ে ছাতা হাতে মেয়েরা  
কেমন সস্তর্পন হেঁটে ওপার পৌঁছে যায় ? আমাদের বাঁচাটাও তেমনি’- বক্তা  
কে ? প্রসঙ্গ নির্দেশ করে মন্তব্যটির তাৎপর্য বিচার করো। ১+৪
- অথবা  
‘আমি সত্যিই ক্রিস্চান নই গো বাপ’- কার উক্তি ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে  
দাও। ১+৪